DEC. 08 2001

দৈনিক সংবাদ

তারিখ ...

# মিরসরাইয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ডের নিয়ম মানা হচ্ছে না ॥ আদায় করা হচ্ছে অতিরিক্ত অর্থ

**মিরসরাই থেকে সংবাদদাতা ঃ** মিরসরাইয়ের বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের কাছ থেকে মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণের ক্ষেত্রে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। ফলে দরিদ্র পরিবারের অনেক পরীক্ষার্থী আসন্ন এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারছে না।

সূত্রে জানা গেছে, বোর্ডের নির্ধারিত ফি হচ্ছে প্রতি বিষয়ের জন্য ৩৫ টাকা হারে চতুর্থ বিষয়সহ ১১টি বিষয়ের জন্য ৩শ ৮৫ টাকা। ব্যবহারিক ফি বিষয়প্রতি ২০ টাকা, এ্যালায়ন ফি ৩০ টাকা, স্কাউট ফি ৩০ টাকা, শিক্ষা সপ্তাহ ফি ৫ টাকা এবং কেন্দ্র ফি ১শ টাকা। এ হিসেবে কলা ও বাণিজ্য বিভাগের সর্বমোট ফি দাঁড়ায় ৫শ ২৫ টাকা এবং বিজ্ঞান বিভাগের ফি ৬শ ৫ টাকা।

বোর্ডের নিয়মনীতি তোয়াক্কা না করে মিরসরাইয়ের ৩৮টি মাধ্যমিক বিদ্যালয়ের অধিকাংশ বিদ্যালয় ২০০২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণের ক্ষেত্রে মোটা অংকের টাকা হাতিয়ে নিচ্ছে। অধিকাংশ বিদ্যালয়ে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি ছাড়া আগামী ৬ মাসের বেতন, স্কুলের উন্নয়নমূলক বিভিন্ন চাঁদা ও বাধ্যতামূলক কোচিং ফি বাবদ প্রত্যেক ছাত্রছাত্রীর কাছ থেকে অতিরিক্ত ৬শ থেকে ৭শ টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে। এ হিসেবে প্রত্যেক পরীক্ষার্থী থেকে ১৩৩০ থেকে ২২০০ টাকা পর্যন্ত ফরম পূরণের ক্ষেত্রে আদায় করা হচ্ছে বলে জানা যায়। এছাড়াও দশম শ্রেণীর নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য ছাত্রছাত্রীদের কাছ থেকে প্রতি বিষয়ের জন্য ৭০ থেকে ১২০ টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে বলে অভিযোগে জানা যায়। আবার অনিয়মিত অনেক ছাত্রছাত্রীকে মোটা অংকের অর্থের বিনিময়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ করে দেয়া হয়েছে। মিরসরাই উপজেলার বারইয়ার বালিকা উচ্চ বিদ্যালয়, ঝুলন পোল উচ্চ বিদ্যালয়, জনার্দপুর উচ্চ বিদ্যালয়, জোরারগঞ্জ আদর্শ উচ্চ বিদ্যালয়, সরকার হাট উচ্চ বিদ্যালয়, মিরসরাই পাইলট উচ্চ বিদ্যালয়, মিরসরাই বালিকা উচ্চ বিদ্যালয়, মিঠানালা রামদয়াল বহুমুখী উচ্চ বিদ্যালয়, মলিয়াইশ উচ্চ বিদ্যালয়, হাইতকান্দি উচ্চ বিদ্যাল[য়], ধুমঘাট হাজি চান মিয়া উচ্চ বিদ্যাল[য়], দুর্গাপুর উচ্চ বিদ্যালয়, ওসমানপুর উ[চ্চ] বিদ্যালয়, আবুর হাট উচ্চ বিদ্যালয়, আ[...] তোরাব উচ্চ বিদ্যালয়, বামনসুন্দ[র] দারোগাহাট উচ্চ বিদ্যালয়সহ অ[...] বিদ্যালয়গুলোতে এ বছর এসএসসি ফর[ম] পূরণে অতিরিক্ত ফি আদায়ের সুনির্দি[ষ্ট] অভিযোগ পাওয়া গেছে। এসব বিদ্যাল[য়ের] স্বল্প আয়ের শিক্ষার্থীদের অভিভাবক[...] অতিরিক্ত অর্থের যোগান দিতে না পারা[য়] অনেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পার[ছে] না।